রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৮, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২২ শ্রাবণ ১৪১২/৬ আগস্ট ২০০৫

এস, আর, ও নং ২৩৫-আইন/২০০৫।—Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) এর section 104 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই বিধিমালা নাবিক রিক্রুটিং এজেন্ট (লাইসেন্স) বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা দেশী ও বিদেশী জাহাজে বাংলাদেশী নাবিক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983);

(খ) "দেশী জাহাজ" অর্থ আইনের section 2(3) তে সংজ্ঞায়িত 'Bangladesh Ship',

(গ) "নাবিক" অর্থ আইনের section 2(45) এ সংজ্ঞায়িত 'seamen';

(ঘ) "নাবিক রিক্রুটিং এজেন্ট" অর্থ দেশী বা বিদেশী জাহাজে বাংলাদেশী নাবিক নিয়োগে দায়িত্বপ্রাপ্ত এমন কোন লাইসেন্সী;

(ঙ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(চ) "বাছাই কমিটি" অর্থ বিধি ৫ এর অধীন গঠিত বাছাই কমিটি;

(ছ) "বিদেশী জাহাজ" অর্থ আইনের section 2(3) তে সংজ্ঞায়িত 'Bangladesh Ship' ব্যতীত অন্যান্য জাহাজ;


মূল্য ঃ টাকা ৮.০০

(জ) "ব্যক্তি" অর্থে কোন ব্যক্তি, কোম্পানী, অংশীদারী কারবার, সংঘ বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) "মহাপরিচালক" অর্থ আইনের section 4 এ উল্লিখিত Director General;

(ঞ) "লাইসেন্স" অর্থ বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(ট) "লাইসেন্সী" অর্থ বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্সপ্রাপ্ত নাবিক রিক্রুটিং এজেন্ট;

(ঠ) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ বিধি ৪ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ড) "শিপিং মাষ্টার" অর্থ আইনের section 2(49) এ সংজ্ঞায়িত 'Shipping Master'।

৩। **লাইসেন্সী কর্তৃক বাংলাদেশী নাবিক নিয়োগ**।—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্সী দেশী বা বিদেশী জাহাজে বাংলাদেশী নাবিক নিয়োগের লক্ষ্যে দায়িত্ব পালন করিবে।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষ**।—লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

(১) মহাপরিচালক, যিনি উহার সভাপতিও হইবেন;

(২)) নৌ-পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(৩) শিপিং মাষ্টার, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

৫। **বাছাই কমিটি**।—লাইসেন্সিং কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা ঃ—

(১) শিপিং মাষ্টার, যিনি উহার সভাপতিও হইবেন;

(২) মেরিন একাডেমী কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(৩) ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(৪) নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি; এবং

(৫) মহাপরিচালক কর্তৃক মনোনীত ডিপার্টমেন্ট অব শিপিং-এর একজন প্রতিনিধি, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

৬। **লাইসেন্স**।—(১) কোন ব্যক্তি নাবিক নিয়োগের লক্ষ্যে রিক্রুটিং এজেন্ট হিসাবে কাজ করিবার উদ্দেশ্যে, লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট "ফরম-ক" অনুসারে দুই কপি পাসপোর্ট সাইজের ফটোসহ নিম্নবর্ণিত দলিলাদি সংযোজনক্রমে, লাইসেন্স এর জন্য আবেদন করিতে পারিবেন, যথা ঃ—

(ক) নাগরিকত্ব সনদপত্র;

(খ) ট্রেড লাইসেন্স;

(গ) টি, আই, এন সনদপত্র (Tax Identification Number (TIN) Certificate);

(ঘ) আর্থিক সাচ্ছলতার প্রমাণস্বরূপ ব্যাংকের সনদপত্র;

(ঙ) কোম্পানীর ক্ষেত্রে—

(১) উহার মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের সত্যায়িত কপি এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি; এবং

(২) উহার ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য পরিচালকদের সংশ্লিষ্ট থানা হইতে প্রাপ্ত পুলিশ ছাড়পত্র;

(চ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে জামানত, বিধি ৯ এর উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে ফেরতযোগ্য হিসাবে প্রদত্ত ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা চালানপত্র;

(ছ) বিধি ১০ অনুসারে প্রদত্ত লাইসেন্স ফিস এর ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা চালানপত্র;

(জ) অফিসের ঠিকানাসহ অবস্থান, অফিস একোমোডেশন, ব্যবসায় কি পরিমাণ অর্থ বিনিয়োগ করা হইবে উহার বিবরণসহ বিনিয়োগ সংক্রান্ত সামগ্রিক পরিকল্পনা এবং যোগাযোগের আধুনিক যন্ত্রপাতি, যথা : ফ্যাক্স, ফোন, ই-মেইল ইত্যাদির তালিকাসহ অন্যান্য সুযোগ-সুবিধা থাকিবার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির সাত দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনপত্র বাছাই কমিটির নিকট প্রেরণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে বাছাই কমিটি উহাতে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা ও যাবতীয় বিষয়ে অনুসন্ধান করিবে এবং মৌখিক সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে সংশ্লিষ্ট আইন সম্পর্কে আবেদনকারীর জ্ঞান যাচাই ও তাহার যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হইয়া এতদ্বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণ করিতে সমর্থ হইয়াছে, তাহা হইলে আবেদনকারীর আবেদন মঞ্জুর করতঃ তদবরাবরে "ফরম-খ" তে বর্ণিত শর্তাবলীসম্বলিত লাইসেন্স ইস্যু করিবে; বা

(খ) এর নিকট যদি প্রতীয়মান হয় যে, আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির শর্ত পূরণ করিতে কিংবা চাহিদা মোতাবেক দলিলাদি সংযোজন করিতে ব্যর্থ হইয়াছে কিংবা বাছাই কমিটি কর্তৃক অন্য কোন কারণে লাইসেন্স পাওয়ার যোগ্য নহে মর্মে বিবেচিত হইয়াছে তাহা হইলে আবেদন নামঞ্জুর করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন লাইসেন্স মঞ্জুর করা বা না করার সিদ্ধান্ত গ্রহণের পনের দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে যে সকল ব্যক্তি নাবিক নিয়োগের লক্ষ্যে রিক্রুটিং এজেন্ট হিসেবে অন্যবিধ উপায়ে কাজ করিয়া আসিতেছে তাহাদের সকলকে বিধিমালাটি কার্যকর হওয়ার পরবর্তী ছয় মাসের মধ্যে এই বিধিমালার অধীন "ফরম-ক" অনুসারে লাইসেন্স গ্রহণের জন্য আবেদন করিতে হইবে।

৭। **লাইসেন্সীর দায়িত্ব ও কর্তব্য।**—(১) লাইসেন্সী নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবে, যথা :—

(ক) কোন কারণে নাবিক বিদেশে আটকা পড়িলে তাহার প্রত্যাবাসনের ব্যবস্থা গ্রহণ;

(খ) এগ্রিমেন্ট ফর ফরেন গোয়িং শিপস্ এর বিধানাবলী অনুসরণে—

(১) প্রত্যেক নাবিককে অথবা বাংলাদেশে অবস্থান না করার কারণে তৎকর্তৃক মনোনীত কোন প্রতিনিধিকে চলতি মাসের বেতন প্রদানের বিষয় নিশ্চিতকরণ;

(২) জাহাজে কর্মরত অবস্থায় কোন নাবিক অসুস্থ হইয়া পড়িলে বা দুর্ঘটনাকবলিত হইলে বা মৃত্যুবরণ করিলে তাহার পাওনা আদায় বা প্রত্যাবাসনের বা, ক্ষেত্রমত, চিকিৎসার ব্যবস্থা গ্রহণ;

(গ) নাবিকের বেতন বা নিয়োগ সংক্রান্ত বিষয়ে সমস্যার উদ্ভব হইলে উহা নিরসনের জন্য শিপিং মাষ্টারের সহিত পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণ।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালনে লাইসেন্সী কর্তৃক কোন অবহেলা প্রদর্শিত হইলে সরকার বা মহাপরিচালক প্রয়োজনীয় বিবেচনায় লাইসেন্সীর উপর অর্পিত দায়িত্ব সম্পন্নের নিমিত্ত যে কোন সময় তদকর্তৃক প্রদত্ত জামানতের যে কোন অর্থ ব্যয় করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী ব্যয়িত অর্থ সম্পর্কিত হিসাব সংশ্লিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ এবং ব্যয়সংক্রান্ত কাগজাদি সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণ করিতে হইবে এবং সার্বিক বিষয় উক্ত লাইসেন্সীকে ব্যয় করিবার পনের দিনের মধ্যে অবহিত করিতে হইবে।

৮। **লাইসেন্সীর উপর বাধা-নিষেধ।**—লাইসেন্সী, সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে নাবিকের নিকট হইতে কোন জামানত বা অন্য কোন অর্থ গ্রহণ করিতে পারিবে না।

৯। **লাইসেন্সীর জামানত বাজেয়াপ্তি।**—(১) এই বিধিমালার অধীন নাবিক নিয়োগের ক্ষেত্রে লাইসেন্সী কর্তৃক কোনরূপ প্রতারণামূলক কার্যক্রম অথবা দাখিলকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হইলে তদকর্তৃক প্রদত্ত জামানত সরকার বরাবরে বাজেয়াপ্ত হইবে এবং তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন বাজেয়াপ্তকৃত অর্থ, সরকারের অনুমতি সাপেক্ষে, ক্ষতিগ্রস্ত নাবিকের পাওনা পরিশোধ, প্রত্যাবাসন বা নাবিকের জন্য কল্যাণকর হয় এমন কাজে ব্যয় করা যাইবে।

(৩) কোন লাইসেন্সী তাহার কার্যক্রম বন্ধ ঘোষণা করিলে তদকর্তৃক প্রদত্ত জামানতের টাকা, শিপিং মাষ্টারের অনাপত্তিক্রমে, কার্যক্রম বন্ধ করার তিন মাস সময়ের মধ্যে তদবরাবরে বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধিকে ফেরত দেওয়া যাইবে।

১০। **লাইসেন্সের মেয়াদ, নবায়ন, ইত্যাদি।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স, উহা প্রদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য বৈধ থাকিবে।

(২) লাইসেন্স ফিস হইবে ১৫,০০০ (পনের হাজার) টাকা।

(৩) দুই বৎসর অতিক্রান্ত হইবার পর উপ-বিধি (৫) এর বিধান অনুসারে দাখিলীয় আবেদন বিবেচনা সাপেক্ষে প্রত্যেক লাইসেন্স নবায়নযোগ্য হইবে।

(৪) লাইসেন্স নবায়ন ফিস হইবে ১০,০০০ (দশ হাজার) টাকা।

(৫) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার অন্যূন ষাট দিন পূর্বে লাইসেন্স নবায়নে ইচ্ছুক লাইসেন্সীকে লাইসেন্স নবায়নের জন্য "ফরম-গ" অনুসারে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদনপত্রের সহিত তদকর্তৃক অন্যূন ২০ জন নাবিক নিয়োগপ্রাপ্ত হইয়াছে এবং ইতোপূর্বে প্রদত্ত লাইসেন্সের শর্ত ভঙ্গের কোন অভিযোগে অভিযুক্ত ছিলেন না মর্মে শিপিং মাষ্টারের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(৬) জামানত হইতে কোন টাকা বিধির শর্ত অনুযায়ী ব্যয় করা হইলে নবায়নের সময় তাহা লাইসেন্সী কর্তৃক পূরণ করিতে হইবে।

(৭) উপ-বিধি (৫) এর অধীন লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে আবেদনে উল্লিখিত বিষয় সম্পর্কে তদন্ত পরিচালনা করিবার পর লাইসেন্সিং কর্তৃপক্ষ—

(ক) আবেদনকারী লাইসেন্স নবায়নের সকল শর্ত পূরণ করিতে সমর্থ হইয়াছেন মর্মে সন্তুষ্ট হইলে লাইসেন্স নবায়ন করিবে; বা

(খ) আবেদনকারী লাইসেন্স নবায়নের কোন শর্ত পূরণ করিতে ব্যর্থ হইয়াছে মর্মে সিদ্ধান্তে উপনীত হইলে লাইসেন্স নবায়ন করিবে না।

(৮) উপ-বিধি (৬) এ নির্ধারিত সময়সীমার মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ যুক্তিসংগত কোন কারণে লাইসেন্স নবায়ন করা বা না করা সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিতে অপারগ বা ব্যর্থ হইলে, উক্তরূপ সিদ্ধান্ত প্রদান না করা পর্যন্ত আবেদনকারীর মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স বৈধ বলিয়া কার্যকর থাকিবে।

১১। **লাইসেন্স হস্তান্তর।**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স অহস্তান্তর যোগ্য ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে, অংশীদারী ব্যবসার ক্ষেত্রে নতুন অংশীদার গ্রহণ বা কোম্পানীর ক্ষেত্রে উহার গঠনপ্রণালীতে কোন প্রকার পরিবর্তন করা হইলে, উহা হস্তান্তর করা যাইবে।

১২। **লাইসেন্স বাতিল।**—(১) লাইসেন্সী কর্তৃক নিম্নবর্ণিত কার্যকলাপ সম্পাদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ যে কোন সময় লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথা ঃ—

(ক) আইন, বিধিমালা বা লাইসেন্সের কোন বিধান বা শর্ত ভঙ্গ করা হইলে;

(খ) দায়িত্ব পালনে অবহেলা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(গ) ব্যবসা সংক্রান্ত দলিলপত্রাদি ৩ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে ব্যর্থ হইলে;

(ঘ) ব্যবসা সংক্রান্ত দলিলপত্রাদির প্রয়োজনীয় অনুলিপি লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে, চাহিদা মোতাবেক সরবরাহ করিতে অস্বীকৃতি জ্ঞাপন করিলে;

(ঙ) কাহারো নামে ভুয়া কোম্পানীর অনুকূলে নিয়োগপত্র প্রদান করার অথবা কোন প্রকার ভুয়া সনদ প্রদানের সাথে জড়িত থাকিবার প্রমাণ পাওয়া গেলে।

(২) লাইসেন্সীকে উপযুক্ত কারণ দর্শাইবার সুযোগ না দিয়া এবং ক্ষেত্রমত, তদন্ত না করিয়া উপ-বিধি (১) এর অধীন কোন লাইসেন্স বাতিল করা যাইবে না।

১৩। **লাইসেন্স সাময়িকভাবে স্থগিতকরণ।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কোন অভিযোগের ভিত্তিতে বা সাধারণভাবে যদি প্রতীয়মান হয় যে, কোন লাইসেন্সীর অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে বিধি ১২ এর অধীন লাইসেন্স বাতিল করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সীর লাইসেন্স এর কার্যকারিতা সাময়িকভাবে অনধিক তিন মাসের জন্য স্থগিত রাখিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করা হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত স্থগিতাদেশ জারীর তিন মাসের মধ্যে উক্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৪। **আপীল।**—(১) এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইলে লাইসেন্সী উক্তরূপ সিদ্ধান্ত বা আদেশ প্রদানের অনূ্যন ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট লিখিতভাবে আপীল আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আপীল আবেদন প্রাপ্তির পর সরকার দুই মাসের মধ্যে উহা নিষ্পত্তিক্রমে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

"ফরম-ক"

[ বিধি ৩(১) দ্রষ্টব্য]

"নাবিক রিক্রুটিং এজেন্ট" হিসাবে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনপত্র

বরাবর

লাইসেন্সিং কর্তৃপক্ষ

..............................................

..............................................

..............................................

| আবেদনকারীর সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি |
|---|

মহোদয়,

আমি/আমরা নাবিক রিক্রুটিং এজেন্ট (লাইসেন্স) বিধিমালা, ২০০৫ এর আওতায় নাবিক নিয়োগের লক্ষ্যে রিক্রুটিং এজেন্ট হিসাবে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করিতেছি। বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল :

১। দরখাস্তকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা (ক) স্থায়ী :

(খ) অস্থায়ী :

৩। ব্যক্তি বা প্রতিষ্ঠানের ধরন (অংশীদারী ফার্ম বা কোম্পানী) রেজিস্ট্রিকৃত কোম্পানী হইলে রেজিস্ট্রেশন নম্বর :

৪। ব্যবসা পরিচালনার স্বার্থে কাগজপত্রে স্বাক্ষর প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত পার্টনার বা পরিচালকের নাম, জাতীয়তা, পেশা এবং স্থায়ী ও অস্থায়ী ঠিকানা (প্রত্যেকের দুই কপি করে সত্যায়িত ছবি এবং নমুনা স্বাক্ষরসহ) :

৫। **আর্থিক অবস্থা :** :

(ক) দরখাস্তকারী প্রতিষ্ঠানের বিগত দুই বৎসরের আয়কর প্রতিবেদন (আয়কর অফিসার কর্তৃক পরিসম্পদ ও দায় এর সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ)

(খ) প্রতিষ্ঠানের মূলধনের পরিমাণ :

৬। অফিস একোমোডেশন এবং যোগাযোগের আধুনিক যন্ত্রপাতি, যথাঃ ফ্যাক্স, ফোন, ই-মেইল নম্বরসহ অন্যান্য সুযোগ-সুবিধা, যদি থাকে :

৭। (ক) অংশীদার বা পরিচালকগণ বিরুদ্ধে যদি কোন দেওয়ানী বা ফৌজদারী মামলায় বিদ্যমান থাকে তবে উহার বিস্তারিত বিবরণ :

(খ) অংশীদার বা পরিচালকগণ ইতোপূর্বে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলায় আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইয়া থাকিলে, উহার বিস্তারিত বিবরণ

৮। আই, এল, ও এবং আই, এস, এম কোড অনুযায়ী ব্যবসা সংক্রান্ত কার্যাদি পরিচালনার জন্য পেশাগত বা বিশেষজ্ঞ পর্যায়ভুক্ত লোক নিয়োগ করা হইবে মর্মে হলফনামা :

৯। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে :—

(ক) নাগরিকত্ব সনদপত্র :

(খ) ট্রেড লাইসেন্স (যদি থাকে) :

(গ) টি, আই, এন সনদপত্র ( Tax Identification Number (TIN) Certificate) :

(ঘ) আর্থিক সচ্ছলতার প্রমাণস্বরূপ ব্যাংকের সনদপত্র :

(ঙ) কোম্পানীর ক্ষেত্রে উহার মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের সত্যায়িত কপি এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি :

(চ) অংশীদার ও পরিচালকের সংশ্লিষ্ট থানা হইতে প্রাপ্ত পুলিশ ছাড়পত্র :

(ছ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে জামানত (ফেরতযোগ্য) হিসাবে প্রদত্ত ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা চালানপত্র :

(জ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে লাইসেন্সের ফিস বাবদ ১৫,০০০ (পনের হাজার) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বা চালানপত্র :

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্যাবলী সত্য। যদি কোন সময় উক্ত তথ্যাবলীর কোন একটি মিথ্যা বা কাল্পনিক বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলসহ আমার বা আমাদের বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

আবেদনকারীর সীলসহ দস্তখত

তারিখ ঃ ———————— ইং / বাং

বিঃ দ্রঃ— সংযুক্ত কাগজপত্রের নম্বর ও তারিখসহ একটি তালিকা দিতে হইবে।

বাছাই কমিটির প্রতিবেদন ঃ

[বিধি-৬ (৩) দ্রষ্টব্য]

প্রদত্ত তথ্যাবলী বিধি ৬ এর উপ-বিধি (৩) মোতাবেক অনুসন্ধান ও পরীক্ষাক্রমে এবং মৌখিক সাক্ষাৎকার গ্রহণপূর্বক আবেদনে বর্ণিত তথ্যাবলী এবং কাগজাদি প্রাথমিকভাবে সঠিক পাওয়ায়/না পাওয়ায় লাইসেন্স প্রদানের জন্য সুপারিশ করা হলো/হলো না।

বাছাই কমিটির পক্ষে
সভাপতি

স্বাক্ষরঃ
তারিখঃ
সীলঃ

"ফরম-খ"

[বিধি ৬ (৪)(ক) দ্রষ্টব্য]

নাবিক রিক্রুটিং এজেন্ট লাইসেন্স

দেশী বা বিদেশী জাহাজে নাবিক নিয়োগের লক্ষ্যে 'রিক্রুটিং এজেন্ট' হিসাবে কাজ করার নিমিত্ত লাইসেন্স

লাইসেন্স নম্বর : ..........................................................

প্রদানের তারিখ : ..........................................................

নাবিক রিক্রুটিং এজেন্ট (লাইসেন্স) বিধিমালা, ২০০৫ এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আপনাকে এতদ্দ্বারা রিক্রুটিং এজেন্ট হিসাবে কাজ করার নিমিত্ত লাইসেন্স প্রদান করা হইল ।

বরাবর,

জনাব/মেসার্স ..................................................

ঠিকানা :

(ক) স্থায়ী :

(খ) অস্থায়ী :

শর্তাবলী :

১। এই লাইসেন্স ..........................................তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

২। প্রতি বৎসরের ১৫ই জানুয়ারীর মধ্যে পূর্ববর্তী বৎসরের নাবিক নিয়োগ সংক্রান্ত সংখ্যা ও তথ্যাদি দাখিল করিতে হইবে।

৩। লাইসেন্সটি, বিধি ১১ এর শর্ত সাপেক্ষে, অহস্তান্তরযোগ্য ।

৪। লাইসেন্সীর সীল ও দস্তখতের মাধ্যমে লাইসেন্স সংক্রান্ত কার্যকলাপ পরিচালনা করিতে হইবে।

৫। মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতিরেকে লাইসেন্সী তাহার প্রতিনিধি হিসাবে অন্য কাউকে নিয়োগ প্রদান বা মনোনীত করিতে পারিবে না ।

৬। দেশী বা বিদেশী জাহাজে নিয়োগের উদ্দেশ্যে কোন নাবিকের নিকট হইতে গৃহীত অনুমোদিত ফিস এর রিটার্ন দাখিল করিতে হইবে।

৭। দেশী বা বিদেশী জাহাজে নিয়োগকৃত নাবিক এবং তাহাদের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় অর্জিত টাকার (আনুমানিক পরিমাণ) হিসাবসম্বলিত প্রয়োজনীয় রেজিস্টার এবং রেকর্ডপত্র সংরক্ষণ করিতে হইবে এবং এতদ্সংশ্লিষ্ট রিটার্ন দাখিল করিতে হইবে।

৮। এগ্রিমেন্ট ফর ফরেন গোয়িং শিপস স্বাক্ষর করিতে হইবে।

৯। আই এস এম কোডের আওতায় কোম্পানির প্রদত্ত দায়দায়িত্বসমূহ পালন করিতে হইবে।

১০। বিধি ১২ অনুসারে লাইসেন্সটি বাতিলযোগ্য ।

১১। বিধি ১৩ অনুসারে যে কোন সময় লাইসেন্স স্থগিত করা যাইতে পারে।

১২। উপযুক্ত আদালত কর্তৃক চূড়ান্তভাবে দেউলিয়া হইলে বা পূর্বে ঘোষিত হইয়া থাকিলে বা ফৌজদারী অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইয়া দণ্ডিত হইয়া থাকিলে বা পূর্বে দণ্ডিত হইয়াছিল মর্মে লাইসেন্সিং কর্তৃপক্ষের নজরে আসিলে তাৎক্ষণিকভাবে অত্র লাইসেন্স বাতিল হইয়াছে মর্মে গণ্য হইবে।

তারিখ ঃ ——————————— ইং / বাং

লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্সের মেয়াদ

........................................তারিখ হইতে ........................................তারিখ পর্যন্ত।

লাইসেন্স নবায়নের তারিখ

"ফরম-গ"

[বিধি ১০(৫) দ্রষ্টব্য]

লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র

বরাবর

লাইসেন্সিং কর্তৃপক্ষ

..........................................

..........................................

মহোদয়,

আমি বা আমরা ........................................................ নাবিক রিক্রুটিং এজেন্ট (লাইসেন্স) বিধিমালা, ২০০৫ এর আওতায় ................................ইং তারিখে প্রাপ্ত নাবিক রিক্রুটিং এজেন্ট এর লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে নবায়নের জন্য আবেদন করিতেছি। বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল ঃ

| | | |
|---|---|---|
| ১। | রিক্রুটিং এজেন্টের নাম | ঃ |
| ২। | ঠিকানা ঃ (ক) স্থায়ী | ঃ |
| | (খ) অস্থায়ী | ঃ |
| ৩। | নবায়নতব্য লাইসেন্স নম্বর, লাইসেন্স প্রাপ্তির তারিখ ও লাইসেন্সের মেয়াদকাল (ফটোকপি সংযুক্ত)। | ঃ |
| ৪। | বিগত ২ (দুই) বৎসরের কার্য সম্পাদন প্রতিবেদন (দুই প্রস্থ)। | ঃ |
| ৫। | নবায়নতব্য লাইসেন্সের শর্তাবলী কখনো ভঙ্গ করা হইয়াছে কিনা? হইয়া থাকিলে উহার বিস্তারিত বিবরণ। | ঃ |
| ৬। | লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে (অফেরতযোগ্য) নবায়ন ফিস বাবদ ১০,০০০ (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা চালানপত্র। | ঃ |
| ৭। | লাইসেন্সীর (স্বত্বাধিকারী/অংশীদার/ ব্যবস্থাপনা পরিচালক/পরিচালকের) বিরুদ্ধে কোন ফৌজদারী অথবা দেওয়ানী মামলা আদালতে বিচারাধীন থাকিলে উহার বিস্তারিত বিবরণ। | ঃ |
| ৮। | রিক্রুটিং এজেন্ট কোন আদালত কর্তৃক দণ্ডাদেশপ্রাপ্ত হইয়া থাকিলে অথবা লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক তাহার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকিলে উহার বিস্তারিত বিবরণ। | |

আমি বা আমরা ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্যাবলী সত্য। যদি কোন পরে উক্ত তথ্যাবলীর কোন একটি তথ্য মিথ্যা বা কাল্পনিক বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স বাতিলসহ আমার বা আমাদের বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ : ______________ ইং / বাং

আবেদনকারীর নামসহ দস্তখত

(                    )

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।